**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-08-2024**
**Time: 07.20-07.25 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**AGMC, Foundation day:**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডা: মানিক সাহা বলেছেন রাজ্যবাসীকে উন্নত স্বাস্থ্য পরিষেবা প্রদানের লক্ষ্যে রাজ্য সরকার স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণ ও পরিকাঠামো উন্নয়নে অগ্রাধিকার দিয়ে কাজ করছে। গতকাল কার্ল ল্যান্ডস্টেইনার অডিটোরিয়ামে আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের ২০তম প্রতিষ্ঠা দিবসের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ছাত্রছাত্রী তথা এই কলেজের ছাত্রছাত্রীদের মেধা কোনও অংশে কম নয়। এই কলেজের পরিকাঠামোও দেশের অন্যান্য রাজ্যের মেডিক্যাল কলেজের তুলনায় কোনও অংশে কম নয়। ছাত্রছাত্রীদের উচিত এই কলেজের মান তাদের পঠন পাঠন এবং পরিষেবার মাধ্যমে বৃদ্ধি করা।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার ত্রিপুরায় একটি মেডিক্যাল হাব গড়ার লক্ষ্যে কাজ করছে। জেলা হাসপাতালগুলির পরিষেবা আরও উন্নত করা হচ্ছে।অনুষ্ঠানে কলেজের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়। এছাড়াও বিভিন্ন বর্ষের এমবিবিএস পাঠরত ছাত্রছাত্রীদের উল্লেখযোগ্য ফলাফলের জন্য পুরস্কৃত করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ কুমার গিত্তে ও আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. অনুপ কুমার সাহা। স্বাগত ভাষণ দেন আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের সহকারি অধ্যক্ষ ডা. তপন মজুমদার।

*****************

**Panchayat vote:**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী জানিয়েছেন, পঞ্চায়েত নির্বাচনে ভোটকর্মী, নিরাপত্তাকর্মী ও ভোট গ্রহনের কাজে নিযুক্ত অন্যান্য কর্মীদের ভোট গ্রহণ করা হবে আগামী চৌঠা আগষ্ট । সংশ্লিষ্ট ভোটাররা বিভিন্ন ব্লকে নিজ নিজ এলাকায় ভোট প্রদান করবেন। তিনি আরো জানান ভোটে নিযুক্ত কর্মী এবং পুলিশ, টিএসআর, এবং পুলিশের বিভিন্ন শাখায় কর্মরত প্রায় দশ হাজার ভোটার Election duty vote বা ইডি ভোট প্রদান করবেন। রাজ্যের ৩৫টি ব্লকে এই ইডি ভোট নেওয়া হবে বলে তিনি জানান।

*****************

**Dharmendra Pradhan:**

লোকসভা শিক্ষা মন্ত্রকের অনুদানের দাবী অনুমোদন করেছে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান গতকাল লোকসভায় বলেছেন যে শিক্ষার জন্য বাজেট বরাদ্দ প্রতিবছরই বাড়ছে, কারণ শুধুমাত্র মানসম্পন্ন শিক্ষা প্রদানের মাধ্যমেই ভারত ২০৪৭ সালের মধ্যে ৩০ ট্রিলিয়ন ডলারের অর্থনীতির লক্ষ্যমাত্রা অর্জন করবে। তিনি বলেন যে ২০১৩-১৪ সালে শিক্ষার জন্য ৪ লক্ষ ৩০ হাজার কোটি টাকা ব্যয় করা হয়েছিল, যা বর্তমানে ৯ লক্ষ ১৯ হাজার

কোটি টাকা হয়েছে। তিনি জানান, ২০১৩-১৪ সালের তুলনায় উচ্চ শিক্ষার জন্য বাজেট বরাদ্দ ৭৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। শিক্ষামন্ত্রী বলেন যে নরেন্দ্র মোদী সরকার দেশের আদিম উপজাতিদের মানসম্পন্ন শিক্ষা প্রদানের জন্য প্রধানমন্ত্রী জনমন প্রকল্প চালু করেছে।

সভায় আলোচনার সূচনা করে, বিজেপির তেজস্বী সূর্য বলেছেন যে বাজেটে চার কোটি যুবকের প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান এবং দক্ষতা প্রশিক্ষণের ওপর জোর দেওয়া হয়েছে।

কংগ্রেসের মোহাম্মদ জাভেদ স্কুল ও কলেজে শূন্য পদ পূরণের দাবি জানান। তৃণমূল কংগ্রেসের প্রতিমা মন্ডল অভিযোগ করেছেন যে কেন্দ্রীয় সরকারের নীতিগুলি দেশের শিক্ষার মান উন্নয়নে ব্যর্থ হয়েছে। TMC-এর সৌগত রায় বলেন, সেরা ছাত্রদের বিদেশে যেতে না দেওয়ার জন্য উচ্চশিক্ষার মান উন্নত করতে হবে। তিনি উল্লেখ করেন, গত বছর ৮ লক্ষ ৯৬ হাজার ভারতীয় শিক্ষার্থী উচ্চশিক্ষার জন্য বিদেশে গেছে।

*****************

**BSF:**

বি এস এফ গতকাল একটি বড়সড় অনুপ্রবেশের ঘটনা রুখে দিয়েছে। পানিসাগর সেক্টরের বিওপি মাঙ্গরোলি এলাকায় ২০-২৫ জন বাংলাদেশি অনুপ্রবেশকারী ঘন বনাঞ্চল ব্যবহার করে সীমান্ত পেরোনোর চেষ্টা করছিল। টহলদারীতে থাকা বিএস এফ জওয়ানরা তাদের সতর্ক করে। কিন্তু অনুপ্রবেশকারীরা তাতে কর্ণপাত না করে এগুতে থাকলে অনুপ্রবেশকারীদের প্রতিহত করতে বিএসএফ পিএজি এবং স্টান গ্রেনেড নিক্ষেপ করে।

অনুপ্রবেশকারীরা ধারালো অস্ত্র ও পাথর দিয়ে বিএসএফ-এর বাহিনীকে পাল্টা আক্রমণ করে। তখন বি এস এফ দুই রাউন্ড গুলি চালায়। ইতিমধ্যে বিওপি মাঙ্গরোলি থেকে অতিরিক্ত জোয়ানরা ঘটনাস্থলের দিকে ছুটে এলে অনুপ্রবেশকারীরা পালিয়ে যায়।

এদিকে, গত বুধবারই বিএসএফ এর ত্রিপুরা সদর দফতরে আইজি, বিএসএফ প্যাটেল পীযূষ পুরুষোত্তম দাস এবং ত্রিপুরায় নিযুক্ত বাংলাদেশের সহকারী হাইকমিশনার আরিফ মোহাম্মদ সৌজন্য সাক্ষাৎকার মূলক বৈঠকে দুই দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখা এবং সীমান্তে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার বিষয়ে আলোচনা করেন।

*****************

**Detain of Bangladeshi:**

দুই পাচারকারী সহ আগরতলা রেল ষ্টেশনে গতকাল রাতে আট বাংলাদেশি নাগরিক ধরা পড়েছে। আগরতলা রেল থানার ওসি তাপস দাস জানান, দুজন মহিলা সহ বাংলাদেশি নাগরিকরা বেআইনিভাবে রাজ্যে প্রবেশ করেছিল। ধৃতদের আজ আদালতে হাজির করা হবে বলে তিনি জানান।

*****************

**Anti.Drug Awareness programme:**

সাব্রুমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের এনএসএস ইউনিটের উদ্যোগে গতকাল সাব্রুম বাজার ও আশপাশের এলাকায় মাদক সেবন ও অনান্য নেশার কবল থেকে সকলকে মুক্ত করার আহ্বান জানিয়ে একটি সচেতনতা র‍্যালি অনুষ্ঠিত হয়। কলেজ এনএসএস

ইউনিটের প্রোগ্রাম অফিসার অরুপ পাটারীর নেতৃত্বে ছাত্র-ছাত্রীরা বাজারের ব্যবসায়ী সহ সাধারণ মানুষদের মাদক সেবন সহ নেশার কুফলা সম্পর্কে সচেতন করেন।

*****************

**M.P. Kriti Devi Debbarma:**

সাংসদ কৃতীদেবী দেববর্মা গতকাল দিল্লিতে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার সঙ্গে সাক্ষাৎ করেন। পরে সামাজিক মাধ্যমে শ্রীমতী দেববর্মা জানিয়েছেন, স্বাস্থ্য মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎকালে তিনি অবিলম্বে পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের অন্তর্গত এডিসি এলাকায় এইমস এর ধাঁচে হাসপাতাল গড়ে তোলার অনুরোধ জানান। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী এ ব্যাপারে সহযোগিতা ও সহায়তার আশ্বাস দিয়েছেন বলেও উল্লেখ করেন তিনি।

*****************

**Har Ghar Tiranga:**

রাজ্যে আগামী ১৩ আগস্ট থেকে ১৫ই আগস্ট পর্যন্ত 'হর ঘর তিরঙ্গা' অভিযান অনুষ্ঠিত হবে। এই কর্মসূচিকে সফল করতে গতকাল সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। রাজ্যের আট জেলার জেলাশাসকও ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই সভায় অংশ নেন।

*****************

**Olympic :**

অলিম্পিকে আরো একটি পদক পেলো ভারত। পুরুষদের ৫০ মিটার রাইফেল শুটিংয়ে ভারতের স্বপ্নীল কুসালে গতকাল ব্রোঞ্জ পদক লাভ করেছেন। অলিম্পিকে এ নিয়ে ভারত এবার এখন পর্যন্ত তিনটি পদক লাভ করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ব্রোঞ্জ পদক জয়ের জন্য স্বপ্নিল কুসালকে অভিনন্দন জানিয়েছেন।

*****************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের বিভিন্ন স্থানে হালকা থেকে মাঝারি অথবা বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা দেখা গেছে ২৪.৪ ডিগ্রি সেলসিয়াস। আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৬৫ মিলিমিটার। রাজ্যের পশ্চিম জেলা, গোমতী, ধলাই, দক্ষিণ ও সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************

*****************